গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

"ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) এর ২য় সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২০/০৯/২০২৩ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং প্রকল্প পরিচালককে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক গত ৩১ মে, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ২য় পিএসসি সভার কার্যবিবরণীটি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সম্মানিত সদস্যদের কোনো প্রকার সংযোজন-বিয়োজন না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর প্রকল্প পরিচালক ২য় পিএসসি সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকল্পের সার্বিক অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

০৩। প্রকল্প পরিচালক বলেন, বর্ণিত প্রকল্পের নকশায় ২টি পুরাতন ভবন অপসারণের নিমিত্ত নিলাম বিজ্ঞপ্তি আহ্বান করা হয়। পরবর্তিতে নিলাম দরপত্র উন্মুক্তকরণ, নিলাম দরপত্র মূল্যায়নের কার্যক্রম সম্পন্ন করে অনুমোদনের নিমিত্ত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে। তিনি আরও বলেন, প্রকল্পের প্রধান পূর্তকাজ মাদকাসক্তি নিরাময় ও প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ এর নিমিত্ত ই-জিপিতে দরপত্র আহ্বান এবং দরপত্র উন্মুক্ত করা হয়েছে, দরপত্র মূল্যায়নের কার্যক্রম সম্পন্ন করে তা অনুমোদনের নিমিত্ত গত ০৩/০৯/২০২৩ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে। প্রকল্পের অপর গুরুত্বপূর্ণ পূর্ত কাজ- মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্রের সংস্কার ও উর্ধ্বমুখী সম্প্রসারণ (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) এর প্রাক্কলন ডিপিপিতে প্রাক্কলিত ব্যয়ের প্রায় দ্বিগুণ হওয়ায় এখনও দরপত্র আহ্বান করা সম্ভব হয়নি।

০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর বলেন, প্রকল্পটির ডিপিপি গণপূর্ত রেট সিডিউল, ২০১৮ অনুযায়ী প্রস্তুত করা হয় এবং সে মোতাবেক অনুমোদিত হয়। বর্তমানে মালামালের মূল্য বেড়ে যাওয়ায় গণপূর্ত রেট সিডিউল ২০২২ এবং ২০২৩ অনুমোদিত হয়েছে এবং সে মোতাবেক প্রাক্কলন করার ক্ষেত্রে মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্রের সংস্কার ও উর্ধ্বমুখী সম্প্রসারণ (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) এর কাজের প্রাক্কলন অনেক বেশি হয়ে যাচ্ছে। গণপূর্ত রেট সিডিউল, ২০১৮ অনুযায়ী দরপত্র আহ্বান করলে কোন ঠিকাদার পাওয়া যাবে না। গণপূর্ত রেট সিডিউল, ২০২২ এবং ২০২৩ অনুযায়ী দরপত্র আহ্বান করা যেতে পারে এবং দাখিলকৃত সর্বনিম্ন দর বেশি হলে পরিকল্পনা কমিশনের পুর্বানুমতি নিয়ে কার্যাদেশ প্রদান করা যেতে পারে। এক্ষেত্রে প্রাক্কলন প্রস্তুতের জন্য ১৫ (পনের) দিন সময় প্রয়োজন হতে পারে।

০৫। যুগ্মসচিব (পরিকল্পনা) সভাকে জানান, প্রকল্পটি গণপূর্ত রেট সিডিউল, ২০১৮ অনুযায়ী অনুমোদিত হয়। এখন গণপূর্ত রেট সিডিউল, ২০২২ অনুযায়ী কাজ করলে সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও

সংশোধন নির্দেশিকা- জুন, ২০২২ এর ২১.১২ নং অনুচ্ছেদ অনুযায়ী পরিকল্পনা কমিশনের পুর্বানুমতি গ্রহণ করা যেতে পারে।

**০৬।** উপপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন বলেন, প্রকল্পের অনুমোদিত ডিপিপির কোন খাতের ব্যয় পরিবর্তন হলে পরিকল্পনা কমিশনের পূর্বানুমতি নিয়ে কার্যাদেশ প্রদান করা যাবে।

**০৭।** সভাপতি বলেন, পুরাতন ভবন দুইটি ভাঙ্গার নিলাম দরপত্র এবং প্রকল্পের প্রধান পূর্তকাজ- মাদকাসক্তি নিরাময় ও প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ এর দরপত্র অনুমোদনের কাজ শেষ করে দ্রুত কার্যাদেশ প্রদান করতে হবে। বর্ণিত কাজসমূহের একটি সময়াবদ্ধ পরিকল্পনা প্রণয়নপূর্বক সে মোতাবেক দ্রুত কাজ এগিয়ে নিতে হবে। তিনি আরও বলেন, এ সংক্রান্ত পরিপত্র অনুযায়ী পরিকল্পনা কমিশনের পুর্বানুমতি নিয়ে প্রকল্পের পূর্ত কাজ দ্রুত শুরু করতে হবে।

**০৮। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

**৮.১)** পুরাতন ভবন দুইটি ভাঙ্গার নিলাম দরপত্র এবং প্রকল্পের প্রধান পূর্তকাজ- মাদকাসক্তি নিরাময় ও প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ এর দরপত্র অনুমোদনের কাজ শেষ করে দ্রুত কার্যাদেশ প্রদান করতে হবে।

**৮.২)** আগামী ১৫ (পনের) দিনের মধ্যে প্রকল্পের পূর্ত কাজসমূহের একটি সময়াবদ্ধ পরিকল্পনা প্রণয়ন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ ও সে মোতাবেক দ্রুত কাজ এগিয়ে নিতে হবে।

**৮.৩)** প্রকল্পের যেসব পূর্ত কাজের প্রাক্কলন অনুমোদিত ডিপিপির প্রাক্কলন থেকে পরিবর্তিত হবে সেসব কাজের ক্ষেত্রে পরিকল্পনা কমিশনের পুর্বানুমতি গ্রহণ করতে হবে। এক্ষেত্রে দ্রুত গণপূর্ত অধিদপ্তর থেকে প্রস্তাব প্রেরণ করতে হবে।

**৮.৪)** ডিপিপি অনুযায়ী নিয়মিত পিএসসি সভা অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

৯। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০১.২৩.১৫৯

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০
২৭ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, অর্থ বিভাগ
২) কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৬) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৭) অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৯) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
১০) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ

১১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর

১২) প্রকল্প পরিচালক, ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

১৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

১৪) নির্বাহী স্থপতি , বিভাগ-১৫, স্থাপত্য অধিদপ্তর

১৫) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ মোশারফ হোসেন

উপসচিব